



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.০৮.০২৪.২০২৩-৭৭২

তারিখ : ০৭/০৩/২০২৬ খ্রি:।

বিশ্ববিদ্যালয় বন্ধ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৮.৯৯.০০১.২০২২-৬২; তারিখ ০৮/০৩/২০২৬ খ্রি: এর মাধ্যমে জারীকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী বর্তমান সময়ে বৈশ্বিক সংকট মোকাবেলায় জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে পবিত্র রমজান উপলক্ষ্যে অদ্য ০৯ মার্চ ২০২৬ অপরাহ্ন থেকে পূর্ব ঘোষিত পবিত্র ঈদুল ফিতরের ছুটি পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয় বন্ধ থাকিবে। তবে আগামী ১২ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয়ের জরুরী পরিসেবাসমূহ (ভিসি দপ্তর, রেজিস্টার দপ্তর, মেডিকেল সেন্টার, কম্পিউটার অফিস, অডিট সেল, প্রকৌশল অফিস, পিডি অফিস, পিএন্ডডি অফিস, যানবাহন অফিস, নিরাপত্তা শাখা) স্ব-স্ব অফিস কর্তৃক সীমিত পরিসরে খোলা থাকিবে।

একইসাথে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে সরকারের নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য অনুরোধ করা হইল:-

- (ক) দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো থাকিলে বৈদ্যুতিক বাতি ব্যবহার পরিহার করিতে হইবে এবং জানালা ও দরজা কিংবা ব্লাইন্ড খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহার করিতে হইবে।
- (খ) বিদ্যমান ব্যবহৃত আলোর অর্ধেক ব্যবহার করিতে হইবে। প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার পরিহার করিতে হইবে।
- (গ) অফিস চলাকালীন প্রয়োজনের অতিরিক্ত লাইট, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ রাখিতে হইবে।
- (ঘ) এয়ার কন্ডিশনার ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখিতে হইবে।
- (ঙ) অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করিতে হইবে।
- (চ) অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করিতে হইবে।
- (ছ) বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহার করিতে হইবে।
- (জ) অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, এয়ার কন্ডিশনার ইত্যাদি) বন্ধ নিশ্চিত করিতে হইবে।
- (ঝ) যাবতীয় আলোকসজ্জা পরিহার করিতে হইবে।
- (ঞ) গাড়ির ব্যবহার সীমিত করিতে হইবে।
- (ট) জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হইতে হইবে।

০২। পোস্টগ্রাজুয়েট প্রোগ্রামের সকল বিভাগের শিক্ষার্থীদের ক্লাস অনলাইনে অনুষ্ঠিত হইবে। এই বিষয়ে স্ব-স্ব বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

০৩। ০৮/০৩/২০২৬ ও ০৯/০৩/২০২৬ খ্রি: তারিখে অনুষ্ঠিত ভাইস-চ্যান্সেলর মহোদয় ঐর সভাপতিত্বে প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়, সকল-ডিন, বিভাগীয় প্রধান, পরিচালক, প্রভোস্ট, রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক ও অফিস প্রধান এর সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী এই বিজ্ঞপ্তি জারী করা হইল।



09 MAR 2026

(অধ্যাপক ড. মোহা: আবু তৈয়ব)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)
তারিখ : ০৭/০৩/২০২৬ খ্রি:।

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.০৮.০২৪.২০২৩-৭৭২

সদয় অবগতি ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) অনুলিপি :-
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সকল-ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান
(বিভাগ/দপ্তরের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীকে অবহিত করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
- ৪। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
- ৫। সকল নোটিশ বোর্ড।
- ৬। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।


09/03/26
(মোঃ জাহিরুল ইসলাম)
ডেপুটি রেজিস্ট্রার
একাডেমিক শাখা।